গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-২৫/২০১৯-২০২০

ঢাকা, ২৯ জুলাই সোমবার ২০১৯, ১৪ শ্রাবণ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ন্যায়বিচার নিশ্চিতে সুপ্রিমকোর্টের বিচারপতিদের আরও সক্রিয় হওয়ার আহ্বান রাষ্ট্রপতির
২। বন্যা ও ডেঙ্গু মোকাবিলায় সরকার সর্বাত্মক প্রস্তুতি নিয়েছে : সেতুমন্ত্রী
৩। বন্যায় ১৪ জেলায় প্রাণহানি ৭৫, ত্রাণ বিতরণ অব্যাহত : সংবাদসম্মেলনে ত্রাণ প্রতিমন্ত্রী
৪। এডিস মশা মুক্ত করলে ওয়ার্ড কমিশনার পুরস্কৃত হবেন : স্থানীয় সরকার মন্ত্রী
৫। মশক নিধন ও পরিচ্ছন্নতা কর্মীদের কাজ তদারকিতে বসছে জিপিএস ট্র্যাকার : ডিএনসিসি মেয়র
৬। বেসরকারি হাসপাতালে ডেঙ্গু পরীক্ষার ফি বেঁধে দিয়েছে সরকার
৭। কৃষি যান্ত্রিকীকরণের জন্য ৩ হাজার ২০০ কোটি টাকার প্রকল্প গ্রহণ : কৃষিমন্ত্রী
৮। আগামী ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালনে আইনশৃঙ্খলা রক্ষায় ব্যবস্থা নেয়া হয়েছে : স্বরাষ্ট্রমন্ত্রী
৯। ২০৪১ সাল নাগাদ বাংলাদেশ হবে কল্যাণ রাষ্ট্র : তথ্যমন্ত্রী
১০। রোহিঙ্গা সমস্যা নিয়ে আলোচনা করতে আজ ঢাকায় আসছেন জাপানের পররাষ্ট্রমন্ত্রী
১১। রোহিঙ্গাদের বাংলাদেশে থাকার জন্য উস্কানি দিচ্ছে একটি বিশেষ মহল : পররাষ্ট্রমন্ত্রী
১২। উৎপাদনশীলতা ও গুণগত মানে অবদান রাখায় পুরস্কৃত হলো ২৮ শিল্পপ্রতিষ্ঠান
আন্তর্জাতিক বাজারেও প্রতিযোগিতা সফলতা অর্জন করতে হবে : শিল্পমন্ত্রী
১৩। প্রত্যন্ত এলাকা ডিজিটাইজ্ড করা হবে বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ এর মাধ্যমে : ময়মনসিংহে আইসিটি প্রতিমন্ত্রী
১৪। শুল্কমুক্ত সুবিধায় ভারতে বাংলাদেশের পোশাক রপ্তানি বাড়ছে :
বিজিএমইএ'র সভাপতির সঙ্গে সাক্ষাতে ভারতীয় হাইকমিশনার
১৫। ঈদের ট্রেনের টিকিট বিক্রি শুরু আজ

চলমান পাতা-২

১। ন্যায়বিচার নিশ্চিতে সুপ্রিমকোর্টের বিচারপতিদের আরও সক্রিয় হওয়ার আহ্বান রাষ্ট্রপতির

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ন্যায়বিচার নিশ্চিত করার জন্য বিচারপতি ও সংশ্লিষ্টদের আরও সক্রিয় হওয়ার আহ্বান জানিয়েছেন। গতকাল (২৮ জুলাই রোববার) প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনের নেতৃত্বে বিচারপতিদের একটি প্রতিনিধিদল বাংলাদেশ সুপ্রিমকোর্টের বার্ষিক প্রতিবেদন দাখিল করতে গেলে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। রাষ্ট্রপতি দেশের সর্বোচ্চ আদালতের সার্বিক কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন। তিনি সুপ্রিমকোর্টের সামগ্রিক কর্মকাণ্ড আরও বেগবান করতে গৃহীত বিভিন্ন কর্মসূচির প্রশংসা করেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৩), **অবজারভার** (পৃ.৩,ক.৬)।

২। বন্যা ও ডেঙ্গু মোকাবিলায় সরকার সর্বাত্মক প্রস্তুতি নিয়েছে : সেতুমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা অ্যাডিস মশাবাহিত ডেঙ্গু জ্বর মোকাবিলায় কার্যকর ওষুধ ছিটাতে ঢাকার দুই সিটি মেয়র ও স্বাস্থ্যমন্ত্রীকে নির্দেশ দিয়েছেন। গতকাল (২৮ জুলাই রোববার) রাজধানীর ধানমণ্ডির বঙ্গবন্ধু ভবনের সামনে আওয়ামী লীগের ত্রাণ ও সমাজকল্যাণ উপকমিটির উদ্যোগে প্রতিনিধিদের মাধ্যমে বন্যাদুর্গতদের মধ্যে ত্রাণ বিতরণ কার্যক্রমের উদ্বোধন শেষে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এ তথ্য জানিয়ে বলেন, প্রবল বন্যা ও মশাবাহিত রোগ ডেঙ্গু সরকারের কাজ বহুগুণে বাড়িয়ে দিয়েছে। বন্যা ও ডেঙ্গু মোকাবিলায় সরকার সর্বাত্মক প্রস্তুতি গ্রহণ করেছে। বন্যা ও ডেঙ্গু সমস্যাকে সিরিয়াসলি নিয়ে এ দুটি সমস্যা মোকাবিলাকে চ্যালেঞ্জ হিসেবে নিয়েছে আওয়ামী লীগ। এজন্য দলের কেন্দ্র থেকে তৃণমূল পর্যন্ত নির্দেশনা দেওয়া হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৩। বন্যায় ১৪ জেলায় প্রাণহানি ৭৫, ত্রাণ বিতরণ অব্যাহত : সংবাদসম্মেলনে ত্রাণ প্রতিমন্ত্রী

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী এনামুর রহমান বলেছেন, বন্যায় দেশের ১৪ জেলায় এ পর্যন্ত ৭৫ ব্যক্তির প্রাণহানি ঘটেছে। গতকাল (২৮ জুলাই রোববার) সচিবালয়ে চলমান বন্যা পরিস্থিতি ও ত্রাণ কার্যক্রম নিয়ে সংবাদসম্মেলনে প্রতিমন্ত্রী এ তথ্য জানান। গত ৬ থেকে ৭ জুলাই সিলেট ও চট্টগ্রাম বিভাগের কয়েকটি নদীর পানি বিপদসীমা অতিক্রম করে জানিয়ে প্রতিমন্ত্রী বলেন, গত ১০ জুলাই উজান থেকে নেমে আসা পানি ও দেশের ভেতরে বৃষ্টিপাত বৃদ্ধি পাওয়ায় বন্যা পরিস্থিতি সৃষ্টি হয়। ক্রমান্বয়ে ২৮ জেলার বিভিন্ন এলাকা বন্যাকবলিত হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৭)।

৪। এডিস মশা মুক্ত করলে ওয়ার্ড কমিশনার পুরস্কৃত হবেন : স্থানীয় সরকার মন্ত্রী

রাজধানীর দুই সিটি কর্পোরেশনের যে ওয়ার্ড কমিশনার নিজের ওয়ার্ডকে সম্পূর্ণ এডিস মশামুক্ত করবেন তাদের সরকার কর্তৃক পুরস্কৃত করার ঘোষণা দিয়েছেন স্থানীয় সরকার মন্ত্রী তাজুল ইসলাম। একইসঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশক্রমেই ২৫ থেকে ২৯ জুলাই পর্যন্ত ঢাকাসহ সারাদেশে একযোগে মশক নিধন সপ্তাহ পালন করা হচ্ছে বলেও তিনি জানান। গতকাল (২৮ জুলাই রোববার) রাজধানীর আজিমপুর দক্ষিণ কলোনি মাঠে মশক নিধন কর্মসূচি উদ্বোধনের সময় তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **যুগান্তর** (পৃ.১৮,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

৫। মশক নিধন ও পরিচ্ছন্নতা কর্মীদের কাজ তদারকিতে বসছে জিপিএস ট্র্যাকার : ডিএনসিসি মেয়র

স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) সকল মশক নিধন ও পরিচ্ছন্নতা কর্মীদের কাজ তদারকিতে বসছে জিপিএস ট্র্যাকার। আগামী সপ্তাহ থেকে সংস্থাটির সকল কর্মীকে জিপিএস ট্র্যাকিংয়ের আওতায় আনা হবে বলে জানিয়েছেন মেয়র মো. আতিকুল ইসলাম। গতকাল (২৮ জুলাই রোববার) আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-বাংলাদেশ (এআইইউবি) আয়োজিত এক সেমিনারের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), জনকণ্ঠ (পৃ.২,ক.৫)।

৬। বেসরকারি হাসপাতালে ডেঙ্গু পরীক্ষার ফি বেঁধে দিয়েছে সরকার

বেসরকারি হাসপাতালের জন্য ডেঙ্গু পরীক্ষার ফি বেঁধে দিয়েছে সরকার। ডেঙ্গুর NS1 পরীক্ষা করতে সর্বোচ্চ ৫০০ টাকা নেয়া যাবে। CBC পরীক্ষার জন্য নেয়া যাবে সর্বোচ্চ ৪০০ টাকা। আর ৫০০ টাকার মধ্যে করাতে হবে IgG ও IgM এই দুটি পরীক্ষা। গতকাল (২৮ জুলাই রোববার) স্বাস্থ্য অধিদফতরে ঢাকার বেসরকারি স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানের মালিকদের সঙ্গে বৈঠকের পর এক সংবাদসম্মেলনে স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক ডা. আবুল কালাম আজাদ এ কথা জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.২,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

৭। কৃষি যান্ত্রিকীকরণের জন্য ৩ হাজার ২০০ কোটি টাকার প্রকল্প গ্রহণ : কৃষিমন্ত্রী

কৃষিকে লাভবান করতে হলে উৎপাদন খরচ কমানোর বিকল্প নেই বলে জানিয়েছেন কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক। এজন্য যান্ত্রিকীকরণ অপরিহার্য। গতকাল (২৮ জুলাই রোববার) সচিবালয়ে মাসিক এডিপি পর্যালোচনা সভায় তিনি এসব কথা বলেন। কৃষিমন্ত্রী বলেন, কৃষি যান্ত্রিকীকরণের জন্য ইতোমধ্যে ৩ হাজার ২০০ কোটি টাকার প্রকল্প গ্রহণ করা হয়েছে। তিনি কৃষির উন্নতিতে তরুণ বিজ্ঞানীদের আরো ভালো কাজ করার আহ্বান জানান। সেইসঙ্গে গবেষণা প্রতিষ্ঠানগুলোকে জবাবদিহিতার আওতায় আনার কথা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১)।

৮। আগামী ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালনে আইনশৃঙ্খলা রক্ষায় ব্যবস্থা নেয়া হয়েছে : স্বরাষ্ট্রমন্ত্রী

আগামী ১৫ আগস্ট জাতীয় শোক দিবসে কোনো জঙ্গি তৎপরতা বা নাশকতার আশঙ্কা নেই বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন। তিনি বলেছেন, এখন পর্যন্ত এ বিষয়ে কোনো গোয়েন্দা তথ্য নেই। শোক দিবসে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখতে পুলিশ, র‍্যাব, গোয়েন্দা পুলিশসহ সবাইকে সতর্কাবস্থায় রাখা হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকাল সাড়ে ৬টায় ধানমণ্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধু জাদুঘরে বঙ্গবন্ধুর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাবেন। এজন্য বঙ্গবন্ধু জাদুঘরের আশপাশেও থাকবে কঠোর নিরাপত্তা ব্যবস্থা। জাতীয় শোক দিবস পালন এবং সার্বিক আইন-শৃঙ্খলা নিয়ে গতকাল (২৮ জুলাই রোববার) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে বৈঠক শেষে তিনি এসব তথ্য জানান। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮) **অবজারভার** (শেষ পৃ,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

৯। ২০৪১ সাল নাগাদ বাংলাদেশ হবে কল্যাণ রাষ্ট্র : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, ২০৪১ সাল নাগাদ সত্যিকার অর্থে বাংলাদেশকে একটি 'সোশ্যাল ওয়েলফেয়ার স্টেট'-এ পরিণত করতে যাচ্ছি আমরা। উন্নত রাষ্ট্রের পাশাপাশি উন্নত জাতি এবং কল্যাণ রাষ্ট্রে উন্নীত হওয়ার এ প্রক্রিয়ায় গণমাধ্যমের ভূমিকা গুরুত্বপূর্ণ। গতকাল (২৮ জুলাই রোববার) রাজধানীর সিরডাপ মিলনায়তনে নেদারল্যান্ডস দূতাবাসের সহায়তায় বেসরকারি সংস্থা রেড-অরেঞ্জ মিডিয়া অ্যান্ড কমিউনিকেশন্স আয়োজিত 'জার্নালিস্টস ফেলোশিপ অ্যাওয়ার্ড' প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.২), **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (পৃ.৩,ক.২), নিউ নেশন (পৃ.৩,ক.৬)।

১০। রোহিঙ্গা সমস্যা নিয়ে আলোচনা করতে আজ ঢাকায় আসছেন জাপানের পররাষ্ট্রমন্ত্রী

তিন দিনের সফরে আজ (২৯ জুলাই সোমবার) ঢাকায় আসছেন জাপানের পররাষ্ট্রমন্ত্রী তারো কোনো। সফরকালে তিনি পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেনের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক ছাড়াও কক্সবাজারে রোহিঙ্গা শিবির পরিদর্শন করবেন। এছাড়া তাঁর সফরে দুই দেশের দ্বিপক্ষীয় বিষয়াদির পাশাপাশি আঞ্চলিক ও আন্তর্জাতিক ইস্যুতে আলোচনা হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৬), সংবাদ (**শেষ** পৃ,ক.১)।

১১। রোহিঙ্গাদের বাংলাদেশে থাকার জন্য উস্কানি দিচ্ছে একটি বিশেষ মহল : পররাষ্ট্রমন্ত্রী

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, রোহিঙ্গাদের বাংলাদেশে থাকার জন্য কিছু প্রতিষ্ঠান উস্কানি দিচ্ছে। রোহিঙ্গাদের রাখার মাধ্যমে তারা ফায়দা নিতে চায়। গতকাল (২৮ জুলাই রোববার) ঢাকায় নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে 'বাংলাদেশে রোহিঙ্গা সংকট : চ্যালেঞ্জ ও স্থায়ী সমাধান' শীর্ষক এক আন্তর্জাতিক সম্মেলনের সমাপনী পর্বে তিনি এ মন্তব্য করেন। পররাষ্ট্রমন্ত্রী বলেন, কিছু কিছু প্রতিষ্ঠান ও সংস্থার ইচ্ছা রোহিঙ্গারা এখানে থাকুক। এতে তাদের ফায়দা হবে। এজন্যই তারা রোহিঙ্গাদের এখানে থাকার জন্য উৎসাহ দিচ্ছে। তিনি আরো বলেন, রোহিঙ্গারা নিজের দেশে ফিরে না গেলে সমস্যার সমাধান হবে না। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৪), **সমকাল** (পৃ.৫,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

১২। উৎপাদনশীলতা ও গুণগত মানে অবদান রাখায় পুরস্কৃত হলো ২৮ শিল্পপ্রতিষ্ঠান
আন্তর্জাতিক বাজারেও প্রতিযোগিতা সফলতা অর্জন করতে হবে : শিল্পমন্ত্রী

দেশীয় বাজারের পাশাপাশি আন্তর্জাতিক বাজারেও প্রতিযোগিতায় সক্ষমতা অর্জনের জন্য শিল্প উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। তিনি বলেছেন, বাংলাদেশের বর্তমান আর্থ-সামাজিক অগ্রগতিতে শিল্পোদ্যোক্তা ও ব্যবসায়ীদের উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে। তিনি বর্তমান সরকারের নেতৃত্বে আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশের যে অবস্থান তৈরি হয়েছে তা এগিয়ে নিতে শিল্পোদ্যোক্তা ও ব্যবসায়ীদেরকে আরো জোরদার ভূমিকা রাখার আহ্বান জানান। শিল্পমন্ত্রী গতকাল (২৮ জুলাই রোববার) রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট মিলনায়তনে নির্বাচিত শিল্প/সেবা প্রতিষ্ঠানগুলোর মধ্যে ন্যাশনাল প্রোডাকটিভিটি অ্যান্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড-২০১৮ এবং ব্যবসায়ী সংগঠনগুলোর মধ্যে ইনস্টিটিউশনাল অ্যাপ্রোসিয়েশন ক্রেস্ট-২০১৮ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ আহ্বান জানান। ২০১৮ সালের জন্য বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, মাইক্রো, কুটির এবং রাষ্ট্রয়ত্ত শিল্প ক্যাটাগরিতে ২৮টি শ্রেষ্ঠ শিল্প/সেবা প্রতিষ্ঠানকে ন্যাশনাল প্রোডাকটিভিটি অ্যাণ্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড দেওয়া হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **সমকাল** (পৃ.১২,ক.৫), **অবজারভার** (শেষ পৃ,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৭)।

১৩। প্রত্যন্ত এলাকা ডিজিটাইজ্‌ড করা হবে বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ এর মাধ্যমে : ময়মনসিংহে আইসিটি প্রতিমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বপ্ন অনুযায়ী ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ এর মাধ্যমে দেশের প্রত্যন্ত এলাকায় ডিজিটালাইজেশন করা হবে বলে জানিয়েছেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। গতকাল (২৮ জুলাই রোববার) ময়মনসিংহ জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত এক মতবিনিময় সভায় আইসিটি প্রতিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.৮)।

১৪। শুল্কমুক্ত সুবিধায় ভারতে বাংলাদেশের পোশাক রপ্তানি বাড়ছে :
বিজিএমইএ'র সভাপতির সঙ্গে সাক্ষাতে ভারতীয় হাইকমিশনার

ভারতীয় হাইকমিশনার রীভা গাঙ্গুলি দাশ জানিয়েছেন, ভারতের বাজারে শুল্কমুক্ত প্রবেশাধিকার পাওয়ায় দেশটিতে বাংলাদেশ থেকে পোশাক রপ্তানি বাড়ছে। উভয় দেশ এ সুবিধাকে আরো কার্যকরভাবে ব্যবহার করতে পারে বলে তিনি উল্লেখ করেন। গতকাল (২৮ জুলাই রোববার) তৈরি পোশাকশিল্পের মালিকদের শীর্ষ সংগঠন বিজিএমইএ'র সভাপতি রুবানা হকের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৩)।

১৫। ঈদের ট্রেনের টিকিট বিক্রি শুরু আজ

ঈদযাত্রার ট্রেনের টিকিট বিক্রি শুরু হবে আজ (২৯ জুলাই সোমবার) থেকে। ৩২টি আন্তঃনগর ট্রেনের ২৬ হাজার ৫০০ টিকিটের অর্ধেক বিক্রি করা হবে রাজধানীর পাঁচ স্টেশনের কাউন্টার থেকে। বাকি টিকিট বিক্রি হবে অনলাইনে। অনলাইনে বরাদ্দ টিকিট বিক্রি হবে রেলসেবা অ্যাপে এবং রেল ই-সেবা ওয়েবসাইটে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **ফিনানশিয়াল** (পৃ.৭,ক.১)।

সম্পাদকীয়

ক. **সমকাল :** ডিবি পুলিশের একটি দল খিলগাঁওয়ের একটি বাসায় অভিযান চালিয়ে আগ্নেয়াস্ত্র ও গুলি উদ্ধারের কথা উল্লেখ করে জঙ্গিবাদ মোকাবিলায় কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

খ. **ভোরের কাগজ :** কক্সবাজারের উখিয়ায় কুতুপালং রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনকালে মিয়ানমার সরকারের একটি প্রতিনিধিদল রোহিঙ্গাদের দেশে ফেরার আহ্বান জানিয়েছেন উল্লেখ করে রোহিঙ্গাদের নিজ দেশে নিরাপদে প্রত্যাবাসনে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **যুগান্তর :** লিবিয়া উপকূলে নৌকা ডুবে বেশ কয়েকটি দেশের অভিবাসন প্রত্যাশী ৫৫ জনের মৃত্যুর ঘটনা মর্মান্তিক উল্লেখ করে অবৈধ অভিবাসনের ঝুঁকি ও ভয়াবহতা সম্পর্কে দেশের জনগণকে সচেতন করাসহ এটি বন্ধে কার্যকর পদক্ষেপ নেওয়ার পাশাপাশি সরকার দক্ষ জনবল গড়ে তোলার উদ্যোগ নেবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **জনকণ্ঠ :** ডেঙ্গুতে আক্রান্তের সংখ্যা দিন দিন বাড়ার কথা উল্লেখ করে এ পরিস্থিতি মোকাবিলায় সর্বোচ্চ প্রচেষ্টার ওপর গুরুত্বারোপ।

ঙ. **অবজারভার :** গরুর খামারিরা ক্ষতিকর হরমোন ইনজেকশন প্রয়োগের মাধ্যমে কোরবানির ঈদে বেশি দামে বিক্রির লোভে গরুকে মোটাতাজা করছে উল্লেখ করে জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর এসব পদ্ধতি পরিহারের আহ্বান।

চ. **ডেইলি সান :** যেকোনো গুজবে কান না দিতে জনগণের প্রতি আহ্বান।

উপসম্পাদকীয়

বণিকবার্তা পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, কৃষিকে শিল্পের সঙ্গে সমন্বয় করতে হবে, যাতে কৃষির বিভিন্ন উৎপাদন শিল্পের কাঁচামাল হিসেবে ব্যবহার করা যায়, আবার শিল্পের উৎপাদিত পণ্য কৃষিকাজে নিয়োগ করা যায়।

নিবন্ধ ও ফিচার

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত **'প্রকৃতির প্রতি সহমর্মিতায় সম্ভব দুর্যোগ হ্রাস'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, দুর্যোগ হ্রাসের জন্য ব্যাপক বনায়নের প্রতি সবার মনোযোগী হওয়া বেশি প্রয়োজন।

#

ডালিয়া/সাঈদা/মাসুম/২০১৯/ ৯.০০ঘন্টা